

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৬৩

১২/ त्रावञा-वां (کتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৫২, দিরহাম ও দীনার (মুদ্রা) ভাঙ্গা নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ كَسْرِ الدَّرَاهِمِ وَالدَّنَانِيرِ

### আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَسُويْدُ بْنُ سَعِيدٍ، وَهَارُونُ بْنُ إِسْحَاقَ، قَالُوا أَنْبَأَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، عَنْ مُحَمَّدِ بْنِ فَضَاءٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَلْقَمَةَ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ أَبِيهِ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنْ كَسْرِ سِكَّةِ الْمُسْلِمِينَ الْجَائِزَةِ بَيْنَهُمْ إِلاَّ مِنْ بَأْسٍ " .

#### বাংলা

১/২২৬৩। আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুসলিমদের মধ্যে প্রচলিত বৈধ মুদ্রা অপরিহার্য প্রয়োজন ব্যতীত ভাঙ্গতে নিষেধ করেছেন।

## **English**

It was narrated from 'Alqamah bin 'Abdullah that his father said:
"The Messenger of Allah (ﷺ) forbade breaking the coins of the Muslims that are in circulation among them, without any necessary reason."

## ফুটনোট

আবূ দাউদ ৩৪৪৯, যইফাহ ৪৭০৬।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. মুহাম্মাদ বিন ফাদা' সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী ও আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৫৪৪, ২৬/২৭৭ নং পৃষ্ঠা) ২. ফাদা বিন



খালিদ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম বুখারী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৭২৪, ২৩/১৮৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন